## ৪। পণ্যের নাম সম্পৃক্ত অনুষ্ঠানের সৌজন্য সম্প্রচার ঃ

- সৌজন্য অনুষ্ঠানের ক্ষেত্রে সৌজন্যকারীর চাহিদা মোতাবেক একক পণ্যের নাম সম্পৃক্ত করে অনুষ্ঠানের নামকরণ করা যাবে।
- অনুষ্ঠানের নামকরণ বিটিভি ও স্পন্সর উভয়ের কাছে গ্রহণযোগ্য হতে হবে।
- এক্ষেত্রে প্রচলিত সৌজন্য প্রচার মূল্যের উপর ৩০% সারচার্জ প্রদান করতে হবে। নির্ধারিত সময়ের অতিরিক্ত বিজ্ঞাপন প্রচারের ক্ষেত্রে রেটকার্ড অনুযায়ী প্রযোজ্য সৌজন্য বিজ্ঞাপন মূল্য প্রদান করতে হবে। অতিরিক্ত সময়ের জন্য কোন সারচার্জ প্রদান করতে হবে না।
- সরাসরি প্রচারিতব্য খেলার ক্ষেত্রে এ নিয়ম প্রযোজ্য হবে না।

## ৫। বিশেষ ক্ষেত্রে স্পট বিজ্ঞাপনে বিশেষ মুল্যহ্রাস ঃ

জনসেবামূলক ও অলাভজনক পণ্যের স্পট বিজ্ঞাপন মূল্যহারের উপর ৩০% বিশেষ রেয়াত প্রদান করা হবে। তবে, পণ্যটি "জনসেবামূলক ও অলাভজনক"-এর স্বপক্ষে সংশ্লিষ্ট কর্তৃপক্ষ/প্রতিষ্ঠান থেকে যথাযথ কাগজপত্র উপস্থাপন করতে হবে। সাংস্কৃতিক বিকাশ ও সেবামূলক কাজে নিয়োজিত নিবন্ধীকৃত দেশী-বিদেশী অলাভজনক প্রতিষ্ঠানের ক্ষেত্রেও এই রেয়াত প্রযোজ্য হতে পারে। ফেব্রুয়ারি মাসে জাতীয় বইমেলা চলাকালে সৃজনশীল ও মননশীল প্রকাশনার বইয়ের স্পট বিজ্ঞাপনে প্রচলিত বিজ্ঞাপন মূল্যের ৭৫% রেয়াত প্রদান করা হবে। ফেব্রুয়ারি মাসের জাতীয় বইমেলা অনুষ্ঠানের সময় ব্যতীত অন্যান্য সময়ে এ ধরণের প্রকাশনার বইয়ের স্পট বিজ্ঞাপনে প্রচলিত বিজ্ঞাপন মূল্যের ৫০% রেয়াত প্রদান করা হবে। তবে, গাইড বই, টেস্ট পেপারসহ এ ধরণের বইয়ের বিজ্ঞাপনে কোন রেয়াত প্রযোজ্য হবে না। সরকারের বিভিন্ন মন্ত্রণালয়/বিভাগ/অধিদপ্তর/পরিদপ্তর ইত্যাদির বিজ্ঞাপন প্রচারের ক্ষেত্রে ৫০% রেয়াত প্রযোজ্য হবে।

## ৬। বিদেশী পণ্য/প্রতিষ্ঠানের বিজ্ঞাপনে অতিরিক্ত মাশুল ঃ

বিদেশী পণ্য/প্রতিষ্ঠানের বিজ্ঞাপন প্রচারের ক্ষেত্রে কোন অতিরিক্ত মাশুল দিতে হবে না। কোন দেশীয় পণ্যের বিজ্ঞাপনচিত্রে মন্ত্রণালয়ের অনুমতি সাপেক্ষে কোন বিদেশী মডেল ব্যবহার করলে সেক্ষেত্রেও অতিরিক্ত মাশুল দিতে হবে না।

০২। অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়ের ১৯-০৭-২০১১ তারিখের ০৭.১৪৩.০৩৭.০০.০১২.২০০৭(অংশ-২)-৮১ নং স্মারকে প্রদত্ত সম্মতির পরিপ্রেক্ষিতে এ আদেশ জারী করা হ'ল।

রাষ্ট্রপতির আদেশক্রমে,

স্বাঃ/-

(হামিদা চৌধুরী)
উপ-সচিব
ফোন ঃ ৯৫৫৫০১৭
ই-মেইলঃ ds.tv1@moi.gov.bd

নং-তম/টিভি-২/১এ-১/২০১০/৫৪৬(৩)

তারিখ ঃ ০২ ভাদ্র, ১৪১৮ / ১৭ আগস্ট, ২০১১

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো ঃ-

১। সচিব, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২। মহাপরিচালক, বাংলাদেশ টেলিভিশন, রামপুরা, ঢাকা।
৩। উপ-পরিচালক, মুদ্রণ ও প্রকাশনা অধিদপ্তর, তেজগাঁও, ঢাকা (বাংলাদেশ গেজেটের অতিরিক্ত সংখ্যায় প্রজ্ঞাপনটি প্রকাশ এবং গেজেটের ১০০ (একশত) কপি সরবরাহ করার জন্য অনুরোধ করা হলো)।

২৭.৮.১১
(হামিদা চৌধুরী)
উপ-সচিব
ফোন ঃ ৯৫৫৫০১৭

| | |
|---|---|
| কন্ট্রোলার/সেলস্ ম্যানেজার | ❖ যথাবিহিত ব্যবস্থা নিন |
| বিজ্ঞাপন নির্বাহী - ১ | ❖ উপস্থাপন করুন |
| বিজ্ঞাপন নির্বাহী - ২ | |
| বিজ্ঞাপন নির্বাহী - ৩/৪ | |
| সেলস্ অফিসার, ঢাকা কেন্দ্র | ❖ আলোচনা করুন |
| সেলস্ অফিসার (ট্রাফিক) | |
| সহকারী পরিচালক (অর্থ) | ❖ সকলের জ্ঞাতার্থে |